



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
Web: www.nha.gov.bd

স্মারক নং-জাগুক/নিপ্রপডিডি-২/৩৩৭/২০৫

তারিখঃ ১৫/০১/১২ ইং।

রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন বিজ্ঞপ্তি

রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন ২০১০ এর ধারা ৪ উপধারা (২)(ঘ) অনুসারে রাজউকসহ অন্যান্য উন্নয়ন কর্তৃপক্ষ, সকল সিটি কর্পোরেশন, সকল পৌরসভা, কক্সবাজার জেলার সমগ্র এলাকা এবং সকল ক্যান্টনমেন্ট বোর্ডের অধিক্ষেত্রভুক্ত এলাকা ব্যতীত বাংলাদেশের অন্যান্য এলাকার জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষকে সরকার কর্তৃক কর্তৃপক্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। উক্ত আইনের ধারা ৫ মোতাবেক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ-এর অধিক্ষেত্রাধীন এলাকায় রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার জন্য প্রত্যেক রিয়েল এস্টেট ডেভেলপারকে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ-এর নিকট হতে নিবন্ধন গ্রহণ করা বাধ্যতামূলক। *নিবন্ধন ব্যতীত রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনা করা এ আইনের ১৯ ধারামতে দণ্ডনীয় অপরাধ।*

অত্র আইনে, রিয়েল এস্টেট (real estate) অর্থ উন্নয়ন, ব্যবস্থাপনা ও ক্রয়-বিক্রয়ের নিমিত্ত আবাসিক বা প্রাতিষ্ঠানিক বা বানিজ্যিক প্লট অথবা এপার্টমেন্ট বা ফ্ল্যাট, প্রাতিষ্ঠানিক বা মিশ্র ফ্লোর স্পেস জাতীয় স্থাবর ভূ-সম্পত্তি।

রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধান অনুসারে অত্র প্রতিষ্ঠানের অধিক্ষেত্রাধীন এলাকায় রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার জন্য আত্মহী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে নিবন্ধন গ্রহণের লক্ষ্যে আবেদনপত্র নির্ধারিত ফরম-১ এ বর্ণিত সংযুক্তিসহকারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা-এর দপ্তরে অফিস চলাকালীন সময়ে জমা প্রদান করা যাবে। নির্ধারিত ফরম-১ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) এর দপ্তর এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ-এর [Web Site \(www.nha.gov.bd\)](http://www.nha.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।

আবেদনপত্রের সঙ্গে আবেদনপত্র প্রক্রিয়াকরন ফিস বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

(জি.এম. জয়নাল আবেদীন ভূইয়া)

চেয়ারম্যান

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

সেগুনবাগিচা, ঢাকা।